গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়ঃ "বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার (নতুন ধলেশ্বরী-পুংলী-বংশাই-তুরাগ-বুড়িগঙ্গা রিভার সিস্টেম) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	০৮-১১-২০২১।
সভার সময়	বেলা ১২.৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (উন্নয়ন-৩) পাসম জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১১২৫৫৯.৩৩ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদকাল এপ্রিল, ২০১০ হতে জুন, ২০২২ পর্যন্ত। প্রকল্পটি আগস্ট, ২০২১ মাস পর্যন্ত ভৌত অগ্রগতি ৮০.৪১% ও আর্থিক অগ্রগতি ৬৭.১৮%। গত ২৭/০৯/২০২১ তারিখে প্রকল্পটির স্টিয়ারিং কমিটির ১৪ তম সভায় আন্তঃমন্ত্রণালয় সভা আহ্বানের নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল।

সিদ্ধান্ত (গ): "সড়ক ও জনপথ অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের উপস্থিতিতে আন্তঃমন্ত্রণালয় সভায় সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে ব্রীজসমূহের ফাউন্ডেশন ট্রিটমেন্ট কাজ বাপাউবো'র নকশা মোতাবেক দ্রুত বাস্তবায়ন এর উদ্যোগ গ্রহণ করতে হবে"।

২। সভার আলোচনা ও সিদ্ধান্তঃ

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক টাঙ্গাইল জেলায় কালিহাতি উপজেলাধীন পুংলী এবং গাজীপুর জেলার সদর উপজেলাধীন ভাওয়াল মির্জাপুর রেলওয়ে ব্রীজের ফাউন্ডেশন ট্রিটমেন্ট এর বিষয়টি উপস্থাপন করেন। এ বিষয়ে বাংলাদেশ রেলওয়ের প্রতিনিধি জনাব মোঃ রমজান আলী, যুগ্ম-মহাপরিচালক, জানান উল্লেখিত ব্রীজসমূহের ফাউন্ডেশন ট্রিটমেন্ট এর প্রয়োজন হবেনা। পুংলী ব্রীজের দুইপাড়ে তীর প্রতিরক্ষা কাজ বাপাউবো কর্তৃক বাস্তবায়ন করা যেতে পারে।	(১) টাঙ্গাইল জেলায় কালিহাতি উপজেলাধীন পুংলী ও গাজীপুর জেলায় সদর উপজেলাধীন ভাওয়াল মির্জাপুর রেলওয়ে ব্রীজসমূহের ফাউন্ডেশন ট্রিটমেন্ট কাজের প্রয়োজন নেই। (২) পুংলী ব্রীজের দুইপাড়ে তীর প্রতিরক্ষা কাজ বাপাউবো কর্তৃক বাস্তবায়িত হবে।	প্রকল্প পরিচালক, বাপাউবো ও বাংলাদেশ রেলওয়ে।
২	প্রকল্প পরিচালক জানান, প্রকল্প এলাকায় বিদ্যমান সড়ক ও জনপথ অধিদপ্তরের ৮টি ব্রীজের ফাউন্ডেশন ট্রিটমেন্ট কাজ করা প্রয়োজন। বাপাউবো অথবা সওজ এর প্রণয়নকৃত নকশার মধ্যে কোনটি অনুসরণ করা হবে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা জরুরী। এ বিষয়ে সভায় সভাপতি বলেন, পাউবো ও সওজ এর নকশা প্রকৌশলীগণ এ ব্যাপারে যৌথ পরিদর্শন ও আলোচনাপূর্বক ব্যবস্থা নিতে পারে।	সড়ক ও জনপথ অধিদপ্তরের ৮টি ব্রীজের ফাউন্ডেশন ট্রিটমেন্ট কাজ বাস্তবায়নের জন্য বাপাউবো ও সওজ যৌথ পরিদর্শন ও আলোচনা পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	প্রকল্প পরিচালক, বাপাউবো ও সওজ অধিদপ্তর।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০০৭.২১-৪২০

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪২৮
২২ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৪) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।
৫) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর।
৬) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৭) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।
৮) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৯) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১০) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১১) প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১২) প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৩) প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, “বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার (নতুন ধলেশ্বরী-পুংলী-বংশাই-তুরাগ-বুড়িগঙ্গা রিভার সিস্টেম) (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্প, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৪) উপপ্রধান, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৫) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ পওর সার্কেল, বাপাউবো, ময়মনসিংহ।
১৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা-১, বাপাউবো, ৭২, গ্রীনরোড, ঢাকা।
১৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
২০) নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
২১) নির্বাহী প্রকৌশলী, নরসিংদী পওর বিভাগ, বাপাউবো, নরসিংদী।
২২) নির্বাহী প্রকৌশলী, টাঙ্গাইল পওর বিভাগ, বাপাউবো, টাঙ্গাইল।
২৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।
২৪) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব